তারিখ 04 OCT 2017
পৃষ্ঠা ৩ কলাম ৬

প্রথম আলো

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেরা রাজশাহী কলেজ

## র‍্যাঙ্কিংয়ের ফল প্রকাশ

নিজস্ব প্রতিবেদক ●

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজগুলোর মধ্যে দ্বিতীয়বারের মতো সেরা হয়েছে রাজশাহী কলেজ। পরীক্ষার ফল, শিক্ষার পরিবেশ, শিক্ষকের মানসহ ৩১টি সূচকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিজেদের করা র‍্যাঙ্কিংয়ে কলেজটি সেরা হয়েছে।

গতকাল মঙ্গলবার রাজধানীর ধানমন্ডিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নগর কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এই র‍্যাঙ্কিংয়ের ফল ঘোষণা করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হারুন-অর-রশিদ।

জাতীয় পর্যায়ে শীর্ষস্থানীয় পাঁচ কলেজের মধ্যে বাকিগুলো হলো পাবনার সরকারি এডওয়ার্ড কলেজ, রংপুরের সরকারি কারমাইকেল কলেজ, বরিশালের সরকারি বিএম কলেজ ও বগুড়ার সরকারি আজিজুল হক কলেজ। বেসরকারি শাখায় সেরা হয়েছে রাজধানীর ঢাকা কমার্স কলেজ। ছাত্রীদের কলেজগুলোর মধ্যে সেরা হয়েছে রাজধানীর সিদ্ধেশ্বরী গার্লস কলেজ। আর সরকারি কলেজ শ্রেণিতেও সেরা হয়েছে রাজশাহী কলেজ।

তবে রাজধানীর বড় সাতটি সরকারি কলেজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে যাওয়ায় সেগুলো এই র‍্যাঙ্কিংয়ের আওতায় ছিল না। মূলত কলেজগুলোর দেওয়া তথ্যের ভিত্তিতে এই র‍্যাঙ্কিং করা হয়েছে। এ-সংক্রান্ত এক প্রশ্নের জবাবে উপাচার্য বলেন, শুধুই স্বমূল্যায়ন বলা যাবে না। কারণ এ বিষয়টি তাঁরা তদারক করেছেন। আর এখানে পরীক্ষার ফল গুরুত্বপূর্ণ। সেটা তাঁদের কাছে আছে।

উপাচার্য বলেন, এবারের র‍্যাঙ্কিংটি ২০১৬ সালের পারফরম্যান্স র‍্যাঙ্কিং। এর আগে প্রথমবারের মতো ২০১৫ সালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজগুলোর র‍্যাঙ্কিং করা হয়েছিল। তখনো রাজশাহী কলেজ সেরা হয়েছিল। ১০০ নম্বরের ভিত্তিতে করা র‍্যাঙ্কিংয়ে এই কলেজটি পেয়েছে ৬৮ দশমিক ১৬ শতাংশ নম্বর।

উপাচার্য বলেন, ১২ অক্টোবর রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজের অধ্যক্ষদের উপস্থিতিতে 'শিক্ষা সমাবেশ' অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার বিষয়ে সম্মতি দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সেখানে সেরা হওয়া সাতটি কলেজকে সম্মাননা ও পুরস্কার দেওয়া হবে। এ ছাড়া ২৫ ও ২৬ অক্টোবর বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার রজতজয়ন্তী উদ্‌যাপন করা হবে।

সংবাদ সম্মেলনে আরও ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য মশিউর রহমান, হাফিজ মুহাম্মদ হাসান, কোষাধ্যক্ষ নোমান উর রশীদ প্রমুখ।